ই-মেইলে প্রেরণ

শেখ হাসিনার উদ্যোগ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১

চাটমোহর, পাবনা।

ISO 9001:2015 Certified

ফোন-অফিস-০২-৫৮৮৪৮৫০১
অভিযোগ কেন্দ্র-০২-৫৮৮৪৮৩৩৬
ই-মেইল ঠিকানা- pbs1pabna@gmail.com
ওয়েব সাইট- www.pbs1.pabna.gov.bd

---

স্মারক নং-২৭.১২.৭৬২২.৫০৭.০৭.০২১.২৩. ৫১৬৪

তারিখঃ ০৫ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ / ২০ সেপ্টেম্বর মে. ২০২৩ খ্রিষ্টাব্দ

মেসার্স ............................................................
............................................................
............................................................

বিষয়ঃ **মিনি ঠিকাদারী (লাইন নির্মাণ) প্রতিষ্ঠানে কর্মরত জনবল প্রশিক্ষন প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ বাপবিবো প্রশিক্ষণ পরিদপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.০২৯.৭২.৮৫২.২২.১৪৯৮, তারিখঃ ২১/০৬/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবনা পবিস-১ এ মিনি ঠিকাদারী (লাইন নির্মাণ) প্রতিষ্ঠানে কর্মরত জনবল প্রশিক্ষণ প্রদানের জন্য বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন লাভ করেছে। উক্ত কোর্সে অংশ গ্রহণে ইচ্ছুক মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা হচ্ছে।

০১। উক্ত কোর্সে নুন্যতম ০১জন সুপারভাইজার ও নুন্যতম ০১ জন লাইনম্যান অংশ গ্রহণ করতে পারবেন।

০২। প্রশিক্ষণার্থীর সংখ্যা সর্বোচ্চ ৩০ জন।

০৩। সুপারভাইজার হিসেবে প্রশিক্ষনে অংশ গ্রহনের জন্য নূন্যতম যোগ্যতা এইচএসসি/যে কোন বিভাগে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশ হতে হবে।

০৪। লাইনম্যান হিসেবে প্রশিক্ষণে অংশ গ্রহণের জন্য নূন্যতম যোগ্যতা অষ্টম শ্রেণী/ জেএসসি/সমমান পাশ হতে হবে।

০৫। কোন প্রার্থী একবার উক্ত কোর্সে অংশ গ্রহণ করে থাকলে পুনরায় অংশ গ্রহণের প্রয়োজন নাই।

০৬। জন প্রতি কোর্স ফিবাবদ ৪০০০.০০ (চারহাজার) টাকা নগদ/পে-অর্ডার আকারে অত্র পবিস এর অনুকূলে জমা প্রদান করতে হবে।

০৭। ক্লাইম্বিং কাজে অসমর্থ প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণে অযোগ্য বিবেচিত হবেন।

০৮। প্রশিক্ষনার্থীকে প্রতিষ্ঠানের সত্ত্বাধিকারী কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের তিন কপি এবং স্ট্যাম্প সাইজের এক কপি রঙিন ছবি দরখাস্তের সাথে জমা প্রদান করতে হবে।

০৯। প্রশিক্ষনে অংশ গ্রহণকারী ঠিকাদার প্রতিষ্ঠানের লোক জনকে অবশ্যই ডাক্তার কর্তৃক শারিরীক সক্ষমতার সার্টিফিকেট সংগ্রহ পূর্বক জমা প্রদান করতে হবে।

১০। অংশ গ্রহণকারী প্রতিটি প্রতিষ্ঠানকে বাপবিবোর্ড কর্তৃক তালিকা ভূক্তির অনুমোদন পত্র জমা দিতে হবে।

১১। প্রশিক্ষণার্থীকে জন্ম সনদের সত্যায়িত কপি অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ সংযুক্ত করতে হবে।

১২। প্রশিক্ষণার্থীকে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি দরখাস্তের সংঙ্গে জমা দিতে হবে। (যদি থাকে)।

১৩। প্রশিক্ষণার্থীর বয়স কোর্স শুরুর তারিখে নূন্যতম ১৮ (আঠার) বৎসর হতে হবে।

১৪। কাঠের ও এসপিসি পোলে আরোহন এবং অনুশীলনের জন্য বুট জুতা ও ক্লাইম্বার সেটসহ কোর্স শুরুর দিন সকাল ৯:০০ ঘটিকায় প্রশিক্ষণার্থীকে নির্ধারিত প্রশিক্ষন স্থলে উপস্থিত থাকতে হবে।

১৫। কোন প্রশিক্ষণার্থী একাধিক পদে প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ করতে পারবেন না। তবে এইচএসসি/সমমান পাশ অথবা যে কোন বিভাগে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশ এবং লাইনম্যান পদে কৃতকার্য হলে সুপারভাইজার পদে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। সুপারভাইজার হিসেবে কৃতকার্য হলে লাইনম্যান হিসেবে প্রাপ্ত সনদ বাপবিবোর্ডে ফেরত দিতে হবে। তথ্য গোপনকারী প্রশিক্ষণার্থীর সনদ বাতিল করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। প্রশিক্ষনে অংশগ্রহণকারী লোক জনের থাকা খাওয়া সংক্রান্ত যাবতীয় স্থাপনাসহ সমস্ত ব্যয়ভার ঠিকাদারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে। এব্যাপারে পবিস/পবিবোর্ড কর্তৃক কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

=২=

১৭। প্রশিক্ষণকালীন প্রশিক্ষণার্থীর কোন প্রকার দূর্ঘটনা ঘটলে প্রশিক্ষণ কোর্স আয়োজনকারী প্রতিষ্ঠান কোন প্রকার দায়-দায়িত্ব বহন করবেনা।

১৮। ঠিকাদারী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেডপ্যাডে প্রশিক্ষণার্থীগণকে আবেদন পত্রসহ বাধ্যতামূলকভাবে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র।
(খ) জন প্রতি কোর্স ফি বাবদ ৪০০০.০০ (চার হাজার) টাকা নগদ/পে অর্ডার আকারে জমা প্রদানের রশিদ।
(গ) সত্যায়িত পাসপোর্ট সাইজের তিন কপি এবং স্ট্যাম্প সাইজের এক কপি রঙিন ছবি।
(ঘ) ডাক্তার কর্তৃক প্রদত্ত শারিরীক সক্ষমতার সার্টিফিকেট।
(ঙ) বাপবিবোর্ড কর্তৃক তালিকাভূক্তির অনুমোদন পত্র।
(চ) জন্ম সনদের সত্যায়িত কপি অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৯। উপরে উল্লেখিত শর্তাবলী ছাড়াও অন্য কোন সমস্যা সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য মিনি ঠিকাদারী (লাইন নির্মান) প্রতিষ্ঠানকে আগামী ৩০/০৯/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে প্রশিক্ষণার্থীগণের নাম, পূর্ণ ঠিকানা, সংশ্লিষ্ট ফার্মের নিজস্ব হেডপ্যাডে নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উক্ত কোর্সটি পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ ০৮/১০/২০২৩ খ্রিঃ হতে অনুষ্ঠিত হবে। এবিষয়ে অন্য কোন জিজ্ঞাসা থাকলে মোবাইলনং- ০১৭৬৯-৪০২২৪২ কে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যেতে পারে।

২০.০৯.২৩
(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা-(সদয় অবগতির জন্য)।
০২। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, পাবনা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----------------পবিস-১/২/৩/৪।
০৪। ডেপুটি জেনারেল ম্যানেজার (কারিগরী)/ দাশুড়িয়া/আটঘরিয়া/ভাঙ্গুড়া জোনাল অফিস, পাবনা পবিস-১।
০৫। এজিএম (ওএন্ডএম), ফরিদপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-১।
০৬। এজিএম (ইএন্ডসি/অর্থ/ওএন্ডএম/আইটি/প্রশাসন/মানব সম্পদ), পাবনাপবিস-১।
০৭। মেসার্স..........................................................................................।
০৮। নোটিশ বোর্ড।
০৯। অফিস কপি/মাস্টার কপি।

২০.০৯.২৩
(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার